



রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়



সন্ধ্যা, টাঙ্গাইল-১৯০২ ফোন : ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্স: ০২৯৯৭৭৫৩০১৩

সূত্র: মতাবিপ্রবি/রেজি/সংস্থাপন-২/পি-৭২৮/৩৬০৭

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০
০৫ ডিসেম্বর ২০২০

অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব মনিকা রাণী দে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগে প্রভাষক পদে কর্মরত অবস্থায় University of East London, UK.-এ মাস্টার্স প্রোগ্রামে অধ্যয়নের জন্য বিগত ২৮/০১/২০১৪ তারিখ হতে ২৭/০১/২০১৫ তারিখ পর্যন্ত ০১ বছর পূর্ণ বেতনে শিক্ষা ছুটি নিয়ে UK গমন করেন। ০১ বছর শেষে আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা ছুটির মেয়াদ ২৭/০৭/২০১৫ তারিখ পর্যন্ত আরো ০৬ মাস বর্ধিত করা হয়। আপনি এ প্রোগ্রামে মোট ০১ বছর ০৬ মাস সবেতনে শিক্ষা ছুটি ভোগ করেন;

যেহেতু, আপনি ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ২৮/০৭/২০১৫ তারিখ থেকে ২০/০৯/২০১৫ তারিখ পর্যন্ত ০১ মাস ২৩ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার পর একই বিশ্ববিদ্যালয়ে পিএইচডি গবেষণার জন্য শিক্ষা ছুটি এবং অনুপস্থিতির সময়কে অর্জিত ছুটি মঞ্জুরের আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে বিশেষ বিবেচনায় আপনাকে ০১ মাস ২০ দিন অর্জিত ছুটি এবং ০৩ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয় এবং পিএইচডি গবেষণার জন্য ২১/০৯/২০১৫ তারিখ হতে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে আপনি পিএইচডি প্রোগ্রামে ২০/০৩/২০২০ তারিখ পর্যন্ত পর্যায়ক্রমে ০৪ বছর ০৬ মাস সবেতনে শিক্ষা ছুটি ভোগ করেন। অননুমোদিত ছুটি শেষে আপনি কর্তব্যকাজে যোগদান না করে ছুটি ব্যতীত ২১/০৩/২০২০ তারিখ হতে অনুপস্থিত আছেন। আপনার দীর্ঘ সময় অনুপস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের আর্থিক ও শিক্ষা কার্যক্রম ক্ষতি সাধিত হচ্ছে;

যেহেতু, আপনাকে জরুরীভাবে কর্তব্যকাজে যোগদানের জন্য গত ২৩/০৮/২০২১ তারিখে রেজিস্ট্রার অফিসের স্মারক নং MBSTU/Reg./EST-II/P-728/1523 এর মাধ্যমে নির্দেশ দেয়া হয়। কিন্তু অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

যেহেতু, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ২১/০৩/২০২০ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের দায়ে এ বিধিমালার ৪(৫) (গ) এবং (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না অত্র পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট যথোপযুক্ত কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে গুনানির ইচ্ছা পোষন করেন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্ধ্যা, টাঙ্গাইল।

প্রাপক,

Mrs. Monika Rani Dey

Ph.D. Student

School of Architecture,

Computing and Engineering

University of East London, UK.

E16 2RD, United Kingdom

Tel- 020 8223 2131

e-mail: manikaranidey12@gmail.com

জনাব মনিকা রাণী দে

সহকারী অধ্যাপক

আইসিটি বিভাগ

মতাবিপ্রবি।

জনাব মনিকা রাণী দে

বাড়ী নং ৪০৫/৪৫৮

গ্রাম- বাদুরতলা

ডাকঘর- কান্দিরপাড়

উপজেলা- কুমিল্লা সদর

জেলা- কুমিল্লা।

অভিযোগ বিবরণী

আপনি জনাব মনিকা রাণী দে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগে প্রভাষক পদে কর্মরত অবস্থায় University of East London, UK.-এ মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য বিগত ২৮/০১/২০১৪ তারিখ হতে ২০/০৩/২০২০ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি এবং বিনাবেতনে অসাধারণ ছুটি ভোগ করে কর্মস্থলে যোগদান না করে ছুটি ব্যতীত ২১/০৩/২০২০ তারিখ হতে অনুপস্থিত রয়েছেন।

গত ২৩/০৮/২০২১ তারিখে রেজিস্ট্রার অফিসের স্মারক নং MBSTU/Reg./EST-II/P-728/1523 এর মাধ্যমে আপনাকে জরুরীভাবে কর্তব্যকাজে যোগদানের জন্য নির্দেশ দেয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান না করে ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য। আপনি এহেন কার্যকলাপের জন্য সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত হয়েছেন।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্ধ্যা, টাঙ্গাইল।